৩৭৩

দৈনিক সংবাদ

তারিখ JAN. 2 1999
পৃষ্ঠা ১১ কলাম ৬

ঢাঃ বিঃ শিক্ষক সমিতি

# নীল দলের সাধারণ সম্পাদক প্রার্থীর ব্যাখ্যা

গতকাল শুক্রবার সংবাদ-এ প্রকাশিত ''ঢাঃ. বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, নীল দলের বিপর্যয়ের ৩ কারণ''- সংবাদ-এ নীল দলের সাধারণ সম্পাদক প্রার্থী অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক তার বক্তব্যের ব্যাখ্যা দিয়েছেন। গতকাল এক বিবৃতিতে তিনি বলেন,- প্রকাশিত বক্তব্যে ভাষাগত কিছু ভুল রয়েছে। তার বক্তব্য হচ্ছে, গণতান্ত্রিক ব্যবস্থায় ভোটারদের রায়ই চূড়ান্ত। প্রার্থী হিসেবে পরাজয়ের কারণ খুঁজতে গেলে একটা কারণই প্রধান হয়ে দাঁড়ায়, আর তা হচ্ছে- অধিকাংশ ভোটারের মতামত অর্জনে আমার ব্যর্থতা। এবারের নির্বাচন সংকীর্ণ আঞ্চলিকতার প্রভাবমুক্ত ছিল এটুকু বলা যায়। জামাত, বিএনপি ও জাতীয় পার্টির বিরুদ্ধে অতীতে আমার অবস্থানের কারণে সাদা দলের মূল টার্গেটই ছিল সাধারণ সম্পাদকের পদটি। ব্যক্তি ঈর্ষাও কিছুটা কাজ করে থাকতে পারে। এর বাইরে কোন জোরালো কারণ আমি এখনো খুঁজে পাইনি।